গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ, পরিকল্পনা শাখা-৩

স্মারক নং-৪৬.০৯৫.০১৬.১৫.১৭.৯০৩.২০১৫(অংশ-১).৮০৬ তারিখঃ ২৮/১২/২০১৬ খ্রিঃ

বিষয়ঃ ২০১৬-১৭ অর্থ বছরের এডিপিভুক্ত প্রকল্পসমূহের অক্টোবর ২০১৬ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী প্রেরণ।

স্থানীয় সরকার বিভাগের সচিব জনাব আবদুল মালেক এর সভাপতিত্বে ২০১৬-১৭ অর্থ বছরের এডিপিভুক্ত স্থানীয় সরকার বিভাগের আওতায় সকল সিটি কর্পোরেশন এবং স্থানীয় সরকার বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের অক্টোবর ২০১৬ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্ত পর্যালোচনা সভা ০৯/১২/২০১৬ তারিখে ডিপিএইচই'র সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। উক্ত সভার অনুমোদিত কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদ্‌সঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে (৬ পাতা)

(এ, এইচ, এম কামরুজ্জামান)
সিনিয়র সহকারী প্রধান
ফোনঃ ৯৫১৪৪৭৫

বিতরণ (জ্যেষ্ঠতা অনুযায়ী নয়)ঃ

১. সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সিনিয়র সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
৩. সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
৪. সচিব, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
৫. সদস্য, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৬. অতিরিক্ত সচিব এবং জাতীয় প্রকল্প পরিচালক, লোকাল গভর্ণমেন্ট সাপোর্ট প্রজেক্ট (এলজিএসপি-২) এবং ইউনিয়ন পরিষদ গভর্ণ্যান্স প্রজেক্ট (ইউপিজিপি), স্থানীয় সরকার বিভাগ।
৭. মহাপরিচালক, স্থানীয় সরকার বিভাগ।
৮. অতিরিক্ত সচিব এবং জাতীয় প্রকল্প পরিচালক, উপজেলা গভর্ণ্যান্স প্রজেক্ট (ইউজেডজিপি), স্থানীয় সরকার বিভাগ।
৯. অতিরিক্ত সচিব (উন্নয়ন/নগর উন্নয়ন/পাস), স্থানীয় সরকার বিভাগ।
১০. প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব), Income Support Program for the Poorest Project, ডিপিএইচই ভবন, ঢাকা।
১১. প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা সিটি কর্পোরেশন (উত্তর/দক্ষিণ)।
১২. প্রকল্প পরিচালক, আরবান পাবলিক এ্যান্ড এনভায়রনমেন্টাল হেল্‌থ সেক্টর ডেভেলপমেন্ট প্রোগ্রাম, নগর ভবন, ঢাকা।
১৩. প্রকল্প পরিচালক, সেক্টর পলিসি সাপোর্ট প্রজেক্ট অব দি ওয়াটার সাপ্লাই এন্ড স্যানিটেশন সাব সেক্টর ইন বাংলাদেশ,ডিপিএইচই, ঢাকা।
১৪. যুগ্ম-সচিব (উন্নয়ন/পাস/সিটি কর্পোরেশন), স্থানীয় সরকার বিভাগ।
১৫. যুগ্ম-প্রধান, পিপিডাব্লিউএস এন্ড এইচ (১/২)/স্বাস্থ্য উইং, পরিকল্পনা কমিশন, ঢাকা।
১৬. প্রকল্প পরিচালক, উপজেলা পরিচালন ও উন্নয়ন (UGDP) প্রকল্প, এনআইএলজি ভবন, আগারগাঁও, ঢাকা।
১৭. প্রকল্প পরিচালক, আরবান প্রাইমারী হেল্‌থ কেয়ার সার্ভিস ডেলিভারী প্রজেক্ট, স্থানীয় সরকার বিভাগ।
১৮. যুগ্ম-সচিব (নগর উন্নয়ন-২) এবং জাতীয় প্রকল্প পরিচালক, উৎপাদনশীল ও সম্ভাবনাময় কর্মের সুযোগ গ্রহণে নারীর সামর্থ্য উন্নয়ন (স্বপ্ন) প্রকল্প, স্থানীয় সরকার বিভাগ।
১৯. যুগ্ম-সচিব (সিটি কর্পোরেশন) এবং প্রকল্প পরিচালক, EU Support to Health and Nutrition to Poor in Urban Bangladesh Project, স্থানীয় সরকার বিভাগ।
২০. উপ-সচিব (পৌর-১) এবং প্রকল্প পরিচালক, পৌরসভা গভর্ণ্যান্স স্ট্রেংদেনিং প্রজেক্ট, স্থানীয় সরকার বিভাগ।
২১. উপ-প্রধান (পরিকল্পনা), স্থানীয় সরকার বিভাগ।
২২. প্রকল্প পরিচালক, সিটি কর্পোরেশন ও পৌরসভাসমূহের জন্য বেলারুশ হতে মেশিনারিজ ও যন্ত্রপাতি ক্রয় প্রকল্প,এলজিইডি, ঢাকা।
২৩. প্রকল্প পরিচালক, "সেচের গভীর নলকূপ হতে খাবার পানি সরবরাহ" শীর্ষক ৩য় পর্যায় প্রকল্প, বরেন্দ্র ভবন, রাজশাহী।
২৪. উপ-সচিব (পাস-১/২/পৌর/সিটি কর্পোরেশন-১), স্থানীয় সরকার বিভাগ।
২৫. সিনিয়র সহকারী প্রধান, পরিকল্পনা ১/২ শাখা, স্থানীয় সরকার বিভাগ।
২৬. সিনিয়র সহকারী সচিব (সিটি কর্পোরেশন-২/উন্নয়ন-২) স্থানীয় সরকার বিভাগ।
২৭. কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ।

অনুলিপিঃ

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ

বিষয় ঃ ২০১৬-১৭ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিভুক্ত প্রকল্পসমূহের অক্টোবর ২০১৬ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী।

স্থানীয় সরকার বিভাগের সচিব জনাব আবদুল মালেক এর সভাপতিত্বে ২০১৬-১৭ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিভুক্ত প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতির ওপর পর্যালোচনা সভা ০৯/১২/২০১৬ তারিখে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দের নামের তালিকা পরিশিষ্ট 'ক'-তে দেয়া হলো।

২। **উপস্থাপনাঃ**

২.১ সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে স্থানীয় সরকার বিভাগের উপ-প্রধান বলেন, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন ২০১৬-১৭ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে অন্তর্ভুক্ত প্রকল্পসমূহের অগ্রগতি পর্যালোচনার জন্য আজকের সভা আহ্বান করা হয়েছে। তিনি বলেন, ২০১৬-১৭ অর্থ বছরের এডিপিতে মোট জাতীয় বরাদ্দ ১,২৩,৩৪৫.৮০ কোটি টাকার মধ্যে স্থানীয় সরকার বিভাগের জন্য বরাদ্দ রয়েছে মোট ১৭,৫৪৮.৪৯ কোটি টাকা, যা এডিপি বরাদ্দের ১৪.২২%। এ বরাদ্দের মধ্যে স্থানীয় সরকার বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন মোট ১৭৪টি প্রকল্পের অনুকূলে বরাদ্দ রয়েছে মোট ১৬,০৪৮ কোটি টাকা (জিওবি ৭,৮১৩.১৫ কোটি এবং প্রকল্প সাহায্য ৮,২৩৫.৩৪ কোটি) এবং স্থানীয় সরকার বিভাগের আওতাধীন স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের (ইউনিয়ন পরিষদ, উপজেলা পরিষদ, পৌরসভা, জেলা পরিষদ, এবং সিটি কর্পোরেশন) অনুকূলে উন্নয়ন সহায়তা হিসেবে বরাদ্দ রয়েছে ১৫০০.০০ কোটি টাকা। **সার্বিকভাবে ২০১৬-১৭ অর্থ বছরের এডিপি-তে স্থানীয় সরকার বিভাগের অনুকূলে মোট ১৭,৫৪৮.৪৯ কোটি টাকা বরাদ্দ রয়েছে।** অক্টোবর, ২০১৬ পর্যন্ত স্থানীয় সরকার বিভাগের আওতাধীন প্রকল্পসমূহের অনুকূলে অর্থ অবমুক্ত হয়েছে ৫,৮১০.৪৩ কোটি টাকা (মোট বরাদ্দের ৩৬.২১%), যার মধ্যে জিওবি ২,৯৮৯.৪৯ কোটি টাকা এবং প্রকল্প সাহায্য ২,৮২০.৯৪ কোটি টাকা। একই সময়ে প্রকল্পসমূহের অনুকূলে ব্যয় হয়েছে ৩,৬০৬.৫৭ কোটি টাকা (মোট বরাদ্দের ১৯.১৪%), যার মধ্যে জিওবি ২,৫২৯.১২ কোটি টাকা এবং প্রকল্প সাহায্য ১,০৭৭.৪৫ কোটি টাকা। এ সময়ে স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের অনুকূলে উন্নয়ন সহায়তা বাবদ বরাদ্দ হতে অর্থ অবমুক্ত হয়েছে ৫৩৪.৭৩ কোটি টাকা (বরাদ্দের ৩৫.৬৫%) এবং ব্যয়ও হয়েছে ৫৩৪.৭৩ কোটি টাকা (বরাদ্দের ৩৫.৬৬৫%)। **সার্বিকভাবে স্থানীয় সরকার বিভাগের অনুকূলে অর্থ অবমুক্তি ও ব্যয় হয়েছে যথাক্রমে ৫,৮১০.৪৩ কোটি টাকা (বরাদ্দের ৩৪.২১%) ও ৩,৬০৬.৫৭ কোটি টাকা (বরাদ্দের ২০.৫৫%)।**

২.২ সভাপতি বলেন, উন্নয়নের যে স্রোতধারা চলছে তা অব্যাহত রাখতে হবে। আমাদের দেশের বার্ষিক প্রবৃদ্ধির হার বর্তমানে ৭.১%। বাংলাদেশের এ সাফল্য নিয়ে বিদেশে বিস্ময় প্রকাশ করা হয়। এ সাফল্য ধরে রাখতে হবে। কাজের গুণগত মান বজায় রাখার বিষয়ে সর্বাত্মক প্রচেষ্টা নিতে হবে। শুকনো মৌসুম, অবকাঠামো নির্মাণের মূল সময়। এ সময়ে প্রকল্প পরিচালকগণকে প্রকল্প এলাকায় অবস্থানের বিষয়ে তিনি নির্দেশনা প্রদান করেন। কাজের গুণগত মান বজায় রাখা এবং অগ্রগতি পরিবীক্ষণের লক্ষ্যে নিয়মিত প্রকল্প পরিদর্শন এবং নির্ধারিত মেয়াদে প্রকল্প সমাপ্ত এবং পারতপক্ষে প্রকল্প সংশোধন ও মেয়াদ বৃদ্ধি না করার জন্যও তিনি নির্দেশনা প্রদান করেন।

২.৩ স্থানীয় সরকার বিভাগের উপ-প্রধান স্থানীয় সরকার বিভাগের ৩টি শ্লোগানের বিষয়ে সভাকে অবহিত করেন। শ্লোগানগুলো হচ্ছে-"শেখ হাসিনার দর্শন সব মানুষের উন্নয়ন", "শেখ হাসিনার দর্শন-বাংলাদেশের উন্নয়ন" এবং "উন্নয়নের গণতন্ত্র-শেখ হাসিনার মূলমন্ত্র"। তিনি বলেন, এ ৩টি শ্লোগানের আলোকে প্রকল্প প্রণয়ন ও বাস্তবায়ন করতে হবে। অতঃপর প্রকল্প ওয়ারী প্রকল্পের অগ্রগতি নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। প্রকল্প পরিচালকগণ প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে অতিরিক্ত বরাদ্দের বিষয়টি তুলে ধরেন। সভাপতি বলেন, যে সমস্ত প্রকল্প জুন ২০১৭ এ সমাপ্ত হবে সে সমস্ত প্রকল্পের অতিরিক্ত চাহিদা অনুযায়ী বরাদ্দ প্রদান করা হবে। এছাড়া যে সব প্রকল্পের অগ্রগতি ভাল সে সব প্রকল্পের অতিরিক্ত বরাদ্দের বিষয়টি বিবেচনা করা হবে। তিনি ২০১৬-১৭ অর্থ বছরের আরএডিপি প্রণয়নের সময় অতিরিক্ত বরাদ্দের জন্য নির্দেশনা প্রদান করেন।

২.৫ অতঃপর স্থানীয় সরকার বিভাগের অধীনস্ত সকল সিটি কর্পোরেশন এবং স্থানীয় সরকার বিভাগ বাস্তবায়নাধীন প্রকল্পসমুহের ২০১৬-১৭ অর্থ বছরের অক্টোবর ২০১৬ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা কর.

৩। বিস্তারিত আলোচনার পর নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

ক্রঃ নং	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী সংস্থা/কর্মকর্তা
১	৩১ ডিসেম্বরের মধ্যে ২য় কিস্তির অর্থ ছাড় ও ১০ জানুয়ারি ২০১৭ এর মধ্যে তা ব্যয় করতে হবে।	যুগ্ম-সচিব (সিটি কর্পোরেশন)/প্রকল্প পরিচালক
২	এডিপি বরাদ্দের শতভাগ ব্যয় নিশ্চিত এবং কাজের গুণগত মান বজায় রাখার বিষয়ে সর্বাত্মক প্রচেষ্টা নিতে হবে।	প্রধান নির্বাহী কর্মকর্তা সকল সিটি কর্পোরেশন
৩	কাজের গুণগত মান বজায় রাখা এবং অগ্রগতি পরিবীক্ষণের লক্ষ্যে প্রকল্প পরিচালকগণ নিয়মিত প্রকল্প পরিদর্শন এবং প্রকল্প এলাকায় অবস্থান করবেন। বিশেষত ঢালাই এর সময় কর্মকর্তাদের প্রজেক্ট সাইটে উপস্থিত থাকতে হবে।	প্রধান নির্বাহী কর্মকর্তা সকল সিটি কর্পোরেশন
৪	নির্ধারিত মেয়াদে প্রকল্প সমাপ্ত করতে হবে। প্রকল্প সংশোধন ও মেয়াদ বৃদ্ধি যাতে করতে না হয় সে বিষয়ে সচেষ্ট থাকতে হবে।	প্রধান নির্বাহী কর্মকর্তা সকল সিটি কর্পোরেশন
৫	২০১৬-১৭ অর্থ বছরের আরএডিপি প্রণয়নের সময় চাহিদা অনুযায়ী অতিরিক্ত বরাদ্দের বিষয়টি বিবেচনা করতে হবে।	প্রধান নির্বাহী কর্মকর্তা সকল সিটি কর্পোরেশন
৬	ঢাকা উত্তর সিটি কর্পোরেশন কর্তৃক বাস্তবায়নাধীন "Urban Resilience Project (DNCC Part)" প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে যে সব সমস্যার সম্মুখীন হচ্ছে সে সব বিষয় আলোচনার জন্য স্টীয়ারিং কমিটির সভা আহ্বান করা যেতে পারে।	প্রধান নির্বাহী কর্মকর্তা/প্রকল্প পরিচালক ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
৭	চট্টগ্রাম সিটি কর্পোরেশন কর্তৃক বাস্তবায়নাধীন "চট্টগ্রাম সিটি কর্পোরেশনের বিভিন্ন এলাকার ক্ষতিগ্রস্ত রাস্তাসমূহ পুনর্বাসন উন্নয়ন ও একটি এ্যাসফল্ট প্ল্যান্ট স্থাপন" শীর্ষক প্রকল্পের অর্থ অবমুক্তির প্রস্তাব কেন দেয়া হয়নি তার ব্যাখ্যা চেয়ে পত্র দিতে হবে।	অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন)
৮	চট্টগ্রাম সিটি কর্পোরেশন কর্তৃক বাস্তবায়নাধীন "বহদ্দারহাট বারইপাড়া হতে কর্ণফুলী নদী পর্যন্ত খাল খনন" শীর্ষক প্রকল্পের জমি অধিগ্রহণজনিত সমস্যা মেয়র মহোদয়ের সাথে আলোচনা করে সমাধানের পদক্ষেপ গ্রহণ করতে হবে।	প্রকল্প পরিচালক
৯	DSL সমস্যাজনিত কারণে অর্থ মন্ত্রণালয় কর্তৃক অর্থ ছাড় না করার বিষয়টি সমাধানের লক্ষ্যে মহাপরিচালকের সভাপতিত্বে সভা আহ্বান করতে হবে।	মহাপরিচালক/অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন)/যুগ্মসচিব সিটি কর্পোরেশন
১০	স্থানীয় সরকার বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন "আরবান পাবলিক এন্ড এনভায়রনমেন্টাল হেলথ সেক্টর ডেভেলপমেন্ট প্রজেক্ট" এর ওপর স্টীয়ারিং কমিটির সভা আহ্বান করতে হবে।	মহাপরিচালক/প্রকল্প পরিচালক
১১	স্থানীয় সরকার বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন "আরবান প্রাইমারী হেলথ কেয়ার সার্ভিসেস ডেলিভারী" শীর্ষক প্রকল্পের মেয়াদ ৬ মাস বৃদ্ধির প্রস্তাব স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করতে হবে।	প্রধান নির্বাহী কর্মকর্তা সকল সিটি কর্পোরেশন

১২	স্থানীয় সরকার বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন "উপজেলা পরিচালন ও উন্নয়ন" শীর্ষক প্রকল্পের প্রকল্প পরিচালক হিসেবে যুগ্ম-সচিব পদমর্যাদার একজন কর্মকর্তাকে প্রেষণে নিয়োগদানের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করতে হবে।	যুগ্ম-সচিব (উপজেলা)
১৩	বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ কর্তৃক বাস্তবায়নাধীন" সেচের গভীর নলকূপ হতে পাইপের মাধ্যমে খাবার পানি সরবরাহ প্রকল্প (৩য় পর্যায়) প্রকল্পটি সমাপ্তির জন্য নির্ধারিত বিধায় আরএডিপিতে প্রয়োজনীয় অর্থের বরাদ্দ প্রদান করতে হবে।	মহাপরিচালক

৪। আলোচ্যসূচিতে আর কোন বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(আবদুল মালেক)
সচিব